## কলা স্নাতক অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৪

( প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার )

## বাংলা

**কোর্স : ইউ.জি সি.ভি.এ.সি ১১/১০১**

**ভারতবর্ষ ঃ সমাজ, সংস্কৃতি, ইতিহাস-১**

সময় : ২ ঘণ্টা — পূর্ণমান : ৩০

যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

১। যে সত্যচরণের একদিন মনে হয়েছিল ‘‘এদেশের এইসব মূর্খ, বর্বর মানুষ এরা একটা ভালো কথা বলিলে বুঝিতে পারে না — এদেরই সাহচর্যে দিনের পর দিন কাটাইতে হইবে?’’ সেই সত্যচরণই অরণ্যযাপনের অভিজ্ঞতার কথা বলতে গিয়ে বারবার এইসব মানুষেরই প্রসঙ্গ উল্লেখ করেছেন। এই রূপান্তরকে তুমি কীভাবে দেখতে চাও তা নিজের ভাষায় লেখো। ১০

**অথবা**

২। ‘‘ভারতবর্ষের নাম শুনেছ?’’ এই প্রশ্নের উত্তরে ভানুমতী মাথা নেড়ে জানিয়েছিল ‘‘সে শোনে নাই’’। তোমার কি মনে হয় এই প্রশ্ন ও উত্তরের মধ্যেই আসলে ‘দেশে’র খোঁজ রয়ে গেছে। নিজের মতামত লেখো। ১০

৩। ‘অনাচার’ গল্পের ঘটনাগুলির মধ্যে কোনটি প্রকৃত অনাচার বলে তোমার মনে হয়, যুক্তি দিয়ে বোঝাও। ১০

**অথবা**





৪। তোমাদের পাঠ্য ‘ভারতবর্ষ’ নামের তিনটি গল্পের মধ্যে কোনটি তোমার কাছে আমাদের দেশকে সব থেকে বেশি ফুটিয়ে তুলেছে? কীভাবে? আলোচনা করো। ১০

৫। বৈকম মুহম্মদ বশীর-এর ‘প্রেমপত্র’ আর প্রেমচন্দের ‘সদ্‌গতি’ — এই দুই গল্পে ভারতবর্ষের দুই চেহারা ধরা পড়েছে। গল্পগুলি মাথায় রেখে ভারতের এই দুই চেহারা বিষয়ে ছোট্ট নিবন্ধ লেখো।

**অথবা**

৬। ফণীশ্বরনাথ রেণুর ‘তিস্‌রি কসম’ কিংবা ইস্‌মত চুগ্‌তাই-এর ‘গুড়্ডির নানী’ গল্পে সরাসরি ভারতবর্ষের নাম কিংবা কোনো প্রসঙ্গই উল্লিখিত হয়নি। তথাপি দুটি গল্পই আমাদের ‘দেশের গল্প’ হিসেবে উল্লেখযোগ্য। যে কোনো একটি গল্পের কাহিনি ও উপস্থাপনা মাথায় রেখে এ প্রসঙ্গে তোমার মত আলোচনা করো। ১০

৭। রবীন্দ্রনাথের ‘ব্রাহ্মণ’ কবিতায় জাত-পরিচয় উত্তীর্ণ মানবতাবাদের কোনো বার্তা কি তুমি খুঁজে পাও? যুক্তিসহ তোমার মতামত লেখো। ১০

**অথবা**

৮। ধর্মীয় পরিসরের বাইরে দাঁড়িয়ে শাক্ত পদাবলির পদগুলি কি পড়া যায় বলে তোমার মনে হয়? তোমার পড়া যে কোনো দুটি প্রাসঙ্গিক পদকে সামনে রেখে তোমার মতামত দাও।

**অথবা**

৯। ‘আনন্দময়ীর আগমনে’ কবিতায় আনন্দময়ীর যে স্বরূপের কথা বলা হয়েছে তা পরাধীন ভারতবর্ষের প্রেক্ষিতে কেন গুরুত্বপূর্ণ বলে তোমার মনে হয়, পাঠ্য অবলম্বনে আলোচনা করো।